

# যুগ্মত্ব

## কুড়িগ্রামে এইচএসসিতে চার কলেজের কেউই পাশ করেনি

• কুড়িগ্রাম প্রতিনিধি

⌚ ২৭ নভেম্বর ২০২৩, ০০:০০:০০ | **প্রিন্ট সংস্করণ**

দিনাজপুর শিক্ষাবোর্ডের অধীনে এইচএসসি পরীক্ষায় অংশ নেওয়া কুড়িগ্রামের চারটি শিক্ষাপ্রতিষ্ঠানের কোনো পরীক্ষার্থী পাশ করেনি। এমন ফলাফলে ওই সব শিক্ষাপ্রতিষ্ঠানের পাঠদান নিয়ে হতাশ হয়ে পড়েছেন অভিভাবকরা। রোববার দুপুরে দিনাজপুর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর মীর সাজ্জাদ আলীর স্বাক্ষরিত এইচ এসসি পরীক্ষার ফলাফলের তালিকায় কুড়িগ্রামের চারটি কলেজের সব পরীক্ষার্থীর অকৃতকার্য হওয়ার তথ্য পাওয়া যায়।

কলেজগুলো হলো ভুরঙ্গমারী উপজেলার মহীদাম কলেজ। এই কলেজে দুজন শিক্ষার্থী পরীক্ষার জন্য নিবন্ধন করলেও একজন অনুপস্থিত থাকেন। অপর পরীক্ষার্থী মোছা. খোদেজা খাতুন অংশ নেন। ঘোষিত ফলাফলে অকৃতকার্য হন।

অন্যদিকে উলিপুর উপজেলার বাগুয়া অনন্তপুর স্কুল অ্যান্ড কলেজে চারশিক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। তারা সবাই অকৃতকার্য হন। এছাড়া নাগেশ্বরী উপজেলার সমাজকল্যাণ মহিলা কলেজে একজন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেয় এবং রৌমারী উপজেলার দাঁতভাঙা ইউনিয়নের দাঁতভাঙা মডেল কলেজে একজন শিক্ষার্থী অংশ নেয়। তারা দুজনই অকৃতকার্য হয়। মহীদাম কলেজের অকৃতকার্য পরীক্ষার্থী খোদেজা খাতুনের পরিবারের সঙ্গে যোগাযোগ করা হলে তারা জানায়, কলেজে তাদের মেয়ে একমাত্র শিক্ষার্থী হলেও ওই কলেজে ১২ শিক্ষকের কেউই ঠিকমতো কলেজে আসতেন না। ফলে কলেজে পাঠদান মারাত্মকভাবে ব্যাহত হয়। কলেজটি সদ্য এমপিওভুক্ত হওয়ায় শিক্ষকরা এখন আসা যাওয়া করছেন। সদ্য এমপিওভুক্তিতে অন্তর্ভুক্ত হওয়া মহীদাম কলেজের অধ্যক্ষ আমিনুল ইসলাম বাবলু জানান, অকৃতকার্য শিক্ষার্থী খোদেজা খাতুন শুরুতে কলেজে নিয়মিত ছিলেন। পরে পরিবার থেকে বিয়ে দেওয়ায় ধীরে ধীরে কলেজে অনিয়মিত হয়ে পড়ে। ফলে পড়াশোনা ভালো করতে পারেনি। কুড়িগ্রাম জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল আরীফ জানান, শতভাগ ফেল করা কলেজগুলোর ফলাফল যাচাই বাছাই করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা  
প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন  
: ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by **The Daily Jugantor** © 2023

